# সবুজ পাহাড়ের স্বাস্থ্য বার্তা

## গ্রীনহিল-সূর্যের হাসি ক্লিনিক

এপ্রিল-জুন ২০২৩

বর্ষ-২ । সংখ্যা-১

## NGO Bureau পরিচালক কর্তৃক গ্রীন হিল পরিচালিত মহালছড়ি সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন



০৮ মে ২০২৩ খ্রিঃ জনাব মোকলেছুর রহমান, যুগ্ম সচিব, পরিচালক, এনজিও ব্যুরো কর্তৃক মহালছড়ি সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন। তিনি ক্লিনিকের কার্যক্রমের/সেবার মান নিয়ে সন্তোষ প্রকাশ করেন। ক্লিনিক পরিদর্শনকালে উপস্থিত ছিলেন মিঃ মং থোয়াই চিং, নিবার্হী পরিচালক, গ্রীনহিল মিঃ সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক, ডাঃ উদয় শংকর দেওয়ান, সাবেক সিভিল সার্জন ও সহকারী পরিচালক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মিঃ মানস মুকুল চাকমা, এমএ্যান্ডই অফিসার, দৃষ্টি চাকমা, অফিস ম্যানেজার, মিঃ রুপান্ত চাকমা, এ্যাসিসটেন্ট এএমআইএস অফিসার ও জেলা প্রতিনিধি, খাগড়াছড়ি। এছাড়াও ২৫৫ নং মাইসছড়ি মৌজার হেডম্যান মিঃ স্বদেশ প্রীতি চাকমা, ৩নং ওয়ার্ডের মেম্বার, বিমল কান্তি চাকমা, মাইসছড়ি ইউপি, মহালছড়ি, খাগড়াছড়ি জেলা এবং স্থানীয় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## প্রকল্প বিষয়ে কিছু কথা

USAID-AUHC এর সার্বিক সহযোগিতায় গ্রীন হিল পরিচালিত সূর্যের হাসি ক্লিনিক প্রকল্পটি ২০১৬ সালের অক্টোবর হতে তিন পার্বত্য জেলায় (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) প্রত্যন্ত এলাকায় ১৮টি সূর্যের হাসি ক্লিনিক স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত ও দরিদ্র জনগোষ্ঠীর সাধারণ রোগের স্বাস্থ্য সেবার পাশাপাশি মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করে যাচ্ছে। দক্ষ ও অভিজ্ঞ ডাক্তার এবং প্যারামেডিক দ্বারা সুনামের সহিত নিরাপদ প্রসব সেবা, প্রজনন স্বাস্থ্য, মাতৃস্বাস্থ্য, পুষ্টি, শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা দিচ্ছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো প্রত্যন্ত অঞ্চলে নিরাপদ প্রসব সেবা নিশ্চিত করাসহ প্রাতিষ্ঠানিক প্রসব সেবা নিশ্চিত করার মধ্য দিয়ে মাতৃ মৃত্যু ও শিশু মৃত্যু হ্রাসকরণ।

## প্রকল্পের ভৌগোলিক এলাকা




| জেলা | রাঙ্গামাটি | খাগড়াছড়ি | বান্দরবান |
|---|---|---|---|
| উপজেলা | কাপ্তাই | পানছড়ি | রোয়াংছড়ি |
| | রাজস্থলী | লক্ষীছড়ি | রুমা |
| | বরকল | মাটিরাঙ্গা | থানচি |
| | বিলাইছড়ি | মানিকছড়ি | আলীকদম |
| | নানিয়ারচর | রামগড় | |
| | বাঘাইছড়ি | মহালছড়ি | |
| | জুরাছড়ি | | |
| | লংগদু | | |

## এক নজরে প্রধান স্বাস্থ্য সেবাসমূহের লক্ষ্যমাত্রা ও অর্জন: এপ্রিল হতে জুন'২০২৩

| ইনডিকেটর সমূহ | টার্গেট | অর্জন |
|---|---|---|
| ১। গর্ভকালীন সেবা (ANC) | ২২৮০ | ২১৩৬ |
| ২। প্রসবোত্তর সেবা (PNC) | ৩১৫ | ৩৩৭ |
| ৩। নবজাতকের অত্যাবশকীয় পরিচর্যা (ENC) | ৪৩৫ | ৪৭৩ |
| ৪। পরিবার পরিকল্পনা প্রজনন স্বাস্থ্য(FPRH) | ১৫৬৬০ | ১৮৮৭২ |
| ৫। নরমাল ডেলিভারী (NVD) | ২৮৫ | ৩১৯ |
| ৬। টিকাদান কর্মসূচী(EPI) | ১০৭১ | ১২১৫ |
| ৭। গড় খরচের রিকোভারী (Cost Recovery) | ৮.৯২% | ৯.৩৪% |

# এপ্রিল-জুন'২০২৩ সময়কালে প্রকল্পের উল্লেখযোগ্য কিছু কার্যক্রমের চুম্বক অংশ ঃ

## বিশ্ব স্বাস্থ্য দিবস-২০২৩ উপলক্ষ্যে আলোচনা সভা

সারা দেশের ন্যায় খাগড়াছড়িতেও 'সবার জন্য স্বাস্থ্য' এ প্রতিপাদ্যে বিশ্ব স্বাস্থ্য দিবস-২০২৩ খ্রিঃ উপলক্ষে বর্ণাঢ্য র‌্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে বেসরকারি সংস্থার মধ্যে গ্রীন হিল, জেলা স্বাস্থ্য অধিকার ফোরাম, সনাক-টিআইবি, জাবারাং, তৃণমূল, দি লেপ্রসী মিশন ইন্টারন্যাশনাল-বাংলাদেশসহ জেলা স্বাস্থ্য অধিকার যুব ফোরাম, ইয়েসে'র কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। গত ৭ এপ্রিল ২০২৩ খ্রিঃ খাগড়াছড়ি পৌর হল প্রাঙ্গণ হতে একটি র‌্যালি বের হয়, শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা সিভিল সার্জন কার্যালয়ে এসে শেষ হয়। পরে দিবসের প্রতিপাদ্যকে সামনে রেখে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় জেলা সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক ডাঃ শহীদ তালুকদার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান মংসুইপ্রু চৌধুরী অপু। অন্যান্যদের মধ্যে আলোচনা সভায় বক্তব্য রাখেন পার্বত্য জেলা পরিষদের সদস্য জনাব কল্যাণ মিত্র বড়ুয়া, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) জিনিয়া চাকমা, জেলা স্বাস্থ্য অধিকার ফোরামের সভাপতি সাধন কুমার চাকমা, জাবারাং কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক মথুরা বিকাশ ত্রিপুরা। এসময় সিভিল সার্জন অফিসের সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা মেমং মারমার সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন ডেপুটি সিভিল সার্জন ডাঃ মিটন চাকমা। দিবসের প্রতিপাদ্য উপস্থাপন করেন সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডাঃ ক্যচিংহ্লা মারমা।




## NGO Bureau পরিচালক গ্রীন হিল পরিদর্শন এবং প্রধান কার্যালয়ে মতবিনিময় সভা

৮ মে ২০২৩ খ্রিঃ গ্রীন হিল প্রধান কার্যালয়ে সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাদের উপস্থিতে জনাব মোকলেছুর রহমান, যুগ্ম সচিব, পরিচালক, এনজিও ব্যুরো কর্তৃক গ্রীন হিলের প্রধান কার্যালয় পরিদর্শন করেন এবং সংস্থার বিভিন্ন প্রকল্পের কার্যক্রম নিয়ে মতবিনিময় সভা করেন। এতে তিনি সংস্থার বিভিন্ন বিষয়ের উপর গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করেন। তিনি আরো বলেন যে, তাঁর দায়িত্ব থাকাকালীন সময়ে এনজিও ব্যুরোতে যে কোন সমস্যা সম্মুখীন হলে সরাসরি তাঁকে ফোন করে জানানোর অনুরোধ করেন।



## থানচি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের মেডিকেল অফিসার কর্তৃক সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন

১৬ মে ২০২৩ খ্রিঃ রোজ মঙ্গলবার থানচি সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন সদ্য যোগদানকৃত ডাঃ শামীম ইকবাল মুকুল, থানচি উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের মেডিকেল অফিসার (MCHFP) সাথে ছিলেন মংসিংউ মারমা, অফিস সহকারী ও বলীপাড়া ইউনিয়ন ফিল্ড পরিদর্শক জনাব জগনাথ ত্রিপুরা। প্রথমে ক্লিনিকের পক্ষ হতে ফুলের তোড়া দিয়ে স্বাগত জানানো হয়, পরে ডেলিভারী রুম, পোস্ট লেভার রুম, পিআর রুম পরিদর্শন করেন। এছাড়াও তিনি ভর্তিতে থাকা ডেলিভারী রোগীর সাথে প্রাতিষ্ঠানিক ডেলিভারীর বিষয় নিয়ে কথা বলেন। Prevention infection, FP method, DTC approval ও ক্লিনিকের প্রাতিষ্ঠানিক স্বাভাবিক প্রসব সেবার মান ও অন্যান্য স্বাস্থ্য সেবার অগ্রগতির ব্যাপারে সন্তোষ প্রকাশ করেন।



## নানিয়ারচর ক্লিনিক কর্তৃক সাধারণ ও চক্ষু হেলথ্ ক্যাম্প এর আয়োজন

গ্রীন হিল নানিয়ারচর ক্লিনিক এর উদ্যোগে গত ৫ মে ২০২৩ খ্রিঃ এক হেলথ্ ক্যাম্প এর আয়োজন করা হয়। মেডিসিন বিভাগে ডাঃ উদয় শংকর দেওয়ান, মনিটরিং অফিসার, এইউএইচসি প্রকল্প, গ্রীনহিল ও সাবেক সিভিল সার্জন এবং চক্ষু বিভাগে ডাঃ কনিস্ক চাকমা, চক্ষু বিশেষজ্ঞ, রাঙ্গামাটি হেলথ্ ক্যাম্প এ সেবা প্রদান করেন। এতে মোট ১০৪ জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। তার মধ্যে সাধারণ রোগী মহিলা ৪৭ জন ও পুরুষ ৯ জন এবং চক্ষু রোগীর মধ্যে মহিলা ৩১ জন ও পুরুষ ১৭ জনকে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।



পাশাপাশি প্রাথমিক পর্যায়ে সমস্যা থাকা কয়েকজন চক্ষু রোগীকে বিনামূল্যে চোখের অপারেশন করা হয়। চক্ষু রোগীর চিকিৎসা সেবা এবং ঔষধপত্র সম্পূর্ণ বিনামূল্যে বিতরণ করা হয়।

## নানিয়ারচর ক্লিনিক কর্তৃক বিনামূল্যে ব্লাড গ্রুপিং ক্যাম্প এর আয়োজন

গত ২৪শে মে ২০২৩ খ্রিঃ নানিয়ারচর উপজেলার ৩নং বুড়িঘাট ইউনিয়নে মারফাজুল মাআরিফ মাদ্রাসা ও এতিম খানায় বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় করা হয়। এটি নানিয়ারচর ক্লিনিক হতে প্রায় ৮কিঃমিঃ দূরত্বে অবস্থিত। ব্লাড গ্রুপিং ক্যাম্পটি পরিচালনা করেন মিজ. কৃপা চাকমা, ক্লিনিক ম্যানেজার, নানিয়ারচর সূর্যের হাসি ক্লিনিক এবং সহযোগিতায় ছিলেন সুমিতা চাকমা, প্যারামেডিক ও রামনা চাকমা, ক্লিনিক এইড। এতে মোট ৪৩ জন মাদ্রাসার ছাত্রকে বিনামূল্যে রক্তের গ্রুপ পরীক্ষা করা হয়েছে। এই মহৎ কাজের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষ গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিককে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।



## গ্রীন হিল কর্তৃক রাঙ্গামাটি সিভিল সার্জন অফিসের এ্যাডভোকেসি সভায় অংশগ্রহণ

গত ২৪ মে'২০২৩ ইং রাঙ্গামাটি সিভিল সার্জন অফিসের হল রুমে আসছে ৪-৫ জুন ২০২৩ খ্রিঃ ''জাতীয় কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ" পালন উপলক্ষে রাঙ্গামাটি সিভিল সার্জন কার্যালয়ে এক এ্যাডভোকেসী সভার আয়োজন করা হয়। এতে গ্রীন হিলের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন এইইউএইচসি প্রকল্পের প্রকল্প পরিচালক মিঃ সাইলু মং মারমা।



## ইউএসএইড-এইউএইচসি কর্তৃক ক্লিনিক পরিদর্শন

জনাব ওয়াকারুল হক নাজভি, টেকনিক্যাল এডভাইজার, সার্ভিস ইমপ্রুভমেন্ট, ইনোভেশন এ্যান্ড এক্সপানশন টিম, ইউএসএইড-এইউএইচসি কর্তৃক ৪ জুন হতে ৬ জুন ২০২৩ ইং তারিখ ধারাবাহিকভাবে রাঙ্গামাটি জেলার লংগদু, নানিয়ারচর, রাজস্থলী ও কাপ্তাই সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করা হয়। পরিদর্শনের মূল উদ্দেশ্য ছিলো ক্লাইন্ট এ্যাকুজিসন প্ল্যান্ট এর বর্তমান অবস্থা জানা এবং কিভাবে বাস্তবায়ন/কার্যকর করতে হবে তা তিনি দিক নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি তিঁনি চলমান এমএনএইচকিউআই বান্ডেল পর্যবেক্ষণ করেন ও মূল্যবান পরামর্শ প্রদান করেন। পরিদর্শনকালে সফরসঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক ও মানস মুকুল চাকমা, এম এ্যান্ড ই অফিসর, এইউএইচসি প্রকল্প, গ্রীনহিল।

## SCALE UP MNH-QI Basic Bundle Training এ অংশগ্রহণ

বিগত ০৭ হতে ০৮ জুন ২০২৩ ইং গ্রীন হিল প্রধান কার্যালয়, রাঙ্গামাটিতে দুই (২) দিন ব্যাপী **MNH-QI Basic Bundle Training** অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণটি পরিচালনা করেন গ্রীন হিলের প্রধান কার্যালয় হতে মনিটরিং অফিসার ডাঃ উদয় শংকর দেওয়ান (সাবেক সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও সহকারী পরিচালক, ডিজি হেলথ্, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার) ও এম এ্যান্ড ই অফিসার মানস মুকুল চাকমা এবং খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার এ্যাসিসটেন্ট এএমআইএস অফিসার ও জেলা প্রতিনিধি রুপান্ত চাকমা ও সীমা তঞ্চঙ্গ্যা এবং পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন ইউএসএইড-এইউএইচসি হতে আগত ডাঃ রেজোয়ানা



ফেরদৌস, কোয়ালিটি ইমপ্রুভমেন্ট স্পেশালিস্ট, সার্ভিস ডেলিভারী এ্যান্ড কোয়ালিটি এ্যসুরেন্স ও ওয়াকারুল হক নাজভি, টেকনিক্যাল এডভাইজার, সার্ভিস ইমপ্রুভমেন্ট, ইনোভেশন এ্যান্ড এক্সপানশন টিম, ইউএসএইড-এইউএইচসি এবং প্রশিক্ষণটির উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানটির প্রধান হিসেবে উপস্থিত ছিলেন মিঃ সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক, এইউএইসি প্রকল্প, গ্রীনহিল। পর্যবেক্ষক হিসেবে থাকলেও তাঁরা বেশ কয়েকটি সেশন পরিচালনা করেন। প্রশিক্ষণটিতে তিন জেলার চৌদ্দটি (১৪) গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক (বরকল, লংগদু, বাঘাইছড়ি, বিলাইছড়ি, রাজস্থলী, জুরাছড়ি, লক্ষীছড়ি, রুমা, থানচি, রোয়াংছড়ি, পানছড়ি, মাটিরাঙ্গা, মানিকছড়ি ও রামগড় হতে ২জন করে মোট ২৮জন প্যারামেডিক অংশগ্রহণ করেন। এছাড়াও ক্লাইন্ট এ্যকুজিশন প্ল্যান কিভাবে বাস্তবায়িত করা হবে তা নিয়ে আলোচনা করেন, জনাব ওয়াকারুল হক নাজভি।

## সিভিল সার্জন ও জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণ

খাগড়াছড়ি জেলার অধীনে বিভিন্ন উপজেলার এবং বেসরকারী উন্নয়ন সংস্থার কার্যক্রমের প্রতিবেদন উপস্থাপনের মধ্যে দিয়ে এপ্রিল, মে ও জুন' ২০২৩ইং মাসে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত মাসিক সমন্বয় সভায় সভাপতি করেন ডাঃ ছাবের হোসেন, সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা। তিনি বলেন মাঠ পর্যায়ে কাজ করার সুযোগ রয়েছে। সেজন্য অভীষ্ঠ লক্ষ্যে পৌঁছাতে গেলে পরিশ্রম ও কাজে মনোনিবেশ করতে হবে। এখনো কিছু কিছু উপজেলায় ইপিআই কার্যক্রম পিছিয়ে আছে। ইপিআই সেশন ফলোআপ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদেরকে তাগিদ দেন। সকল সিসি-তে আরডিটি এবং দরিদ্র তহবিল দান বাক্স রাখার পরামর্শ দেন। তিনি আরও বলেন হাসপাতালে প্রাতিষ্ঠানিক ডেলিভারি জরুরী প্রয়োজনীয় ঔষধ সবসময় পর্যাপ্ত সংরক্ষণ, কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্য হালনাগাদ করার অনুরোধ করেন।




অন্যদিকে মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুর তথ্য অবগত থাকতে হবে বলে তিনি সকল ইউএইচএনএফপিও'দের জানান। গ্রীন হিল এইউএইচসি প্রকল্প থেকে রুপান্ত চাকমা, সহকারী এএমআইএস অফিসার ও জেলা প্রতিনিধি প্রকল্পের তথা সংস্থার প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন। মহালছড়ি, মানিকছড়ি ও মাটিরাঙ্গা উপজেলাকে মাইক্রোপ্লান দ্রুত পাঠাতে নির্দেশ দেন। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## ট্রাইবাল হেলথ কার্যক্রম ও মোবাইল মেডিকেল টীম পরিচালনা বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণ

মানিকছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১০ মে ২০২৩ ও ১১ মে ২০২৩ খ্রিঃ দুই দিন ব্যাপী উপজেলা পর্যায়ে সেবা দানকারীদের



ট্রাইবাল হেলথ কার্যক্রম ও মোবাইল মেডিকেল টীম পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়। উক্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন মানিকছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ রতন খীসা। মানিকছড়ি সূর্যের হাসি ক্লিনিকের প্রতিনিধি হিসেবে প্রশিক্ষণে অংশগ্রহণ করেন সানুঅং মারমা, ক্লিনিক ইনচার্জ, সূর্যের হাসি ক্লিনিক, মানিকছড়ি।

## গ্রীনহিল সূর্যের হাসি ক্লিনিক কর্তৃক বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান

২৬ জুন ২০২৩ খ্রিঃ পানছড়ি সূর্যের হাসি ক্লিনিক এ বিনামূল্যে হেলথ্ ক্যাম্প আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে সেবা প্রদান করেন ডাঃ কনিষ্ক চাকমা, চক্ষু বিশেষজ্ঞ এবং ডাঃ উদয় শংকর দেওয়ান, প্রাক্তন সিভিল সার্জন। তার মধ্যে ২৫ জন রোগীকে চক্ষু সেবা এবং ৪১ জন সাধারণ রোগীসহ মোট ৬৬ জনকে সেবা প্রদান করা হয়েছে।



উক্ত এলাকার সেবা গ্রহনকারীরা বলেন, এভাবে নিয়মিতভাবে অন্তত মাসে একবার সেবা প্রদান অব্যাহত রাখলে এলাকার জনগণ স্বাস্থ্যসেবার আওতায় আসবে। এধরণের উদ্যোগ গ্রহণ করার জন্য তারা গ্রীন হিলের কাছে বিনীত অনুরোধ জানান এবং সেই সাথে আগামীতে সার্বিক সহযোগিতা কামনা করে ধন্যবাদ জ্ঞাপন করেন।

## নিরাপদ মাতৃত্ব দিবস-২০২৩ উপলক্ষে আলোচনা সভা

গত ২৯ মে ২০২৩ খ্রিঃ সিভিল সার্জন কার্যালয়, খাগড়াছড়ি এবং স্থানীয় বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক- এইউএইচসি প্রকল্পের যৌথ উদ্যোগে গত ২৮ মে ২০২৩ খ্রিঃ নিরাপদ মাতৃত্ব দিবস-২০২৩ খ্রিঃ উপলক্ষে খাগড়াছড়ি



আধুনিক জেলা সদর হাসপাতালে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আলোচনা সভায় সভাপতিত্ব করেন ডাঃ শহীদ তালুকদার, তত্ত্বাবধায়ক, জেলা সদর আধুনিক হাসপাতাল, খাগড়াছড়ি। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাঃ মোঃ ছাবের হোসেন, সিভিল সার্জন, ডাঃ রিপল বাপ্পী, আবাসিক মেডিকেল অফিসার, স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা ও কর্মচারী এবং গ্রীন হিলের খাগড়াছড়ি জেলার প্রতিনিধি মি রুপান্ত চাকমা। ***"গর্ভকালে চারবার সেবা গ্রহণ করি, নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করি"*** এই প্রতিপাদ্য বিষয়ের আলোকে আলোচনা সভায় সঞ্চালনার দায়িত্বে ছিলেন ডাঃ ক্যাচিংলা মারমা। ডাঃ শ্রাবস্তী চাকমা, ডিজিএইচএস প্রকল্পের District SRHR Officer, মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে নিরাপদ মাতৃত্ব দিবসের গুরুত্ব বিষয়ে প্রতিবেদন উপস্থাপন করেন। এর পরে গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিকের এইউএইচসি প্রকল্পের এএমআইএস অফিসার ও জেলা সমন্বয়কারী রুপান্ত চাকমা বলেন স্যাটেলাইট স্পটে গিয়ে ক্লিনিকের সেবা প্রদানকারীরা গর্ভবতী মা'দেরকে গর্ভকালীন সময়ে কমপক্ষে চারবার চেক আপ ব্যাপারে পরামর্শ দেওয়া হয়ে থাকে এবং একজন গর্ভবতী মা তার এবং বাচ্চার সুষ্ঠ ও নিরাপদ ডেলিভারীর জন্য ক্লিনিক/হাসপাতালে সেবা নেওয়ার ব্যাপারে উৎসাহিত করা হয়। তিনি আরো বলেন- যে সমস্ত দূর্গম এলাকায় বসবাস করে, সে সমস্ত এলাকার জন প্রতিনিধি, স্থানীয় হেডম্যান ও কার্বারীদের সহযোগিতায় সূর্যের হাসি ক্লিনিকের সেবা প্রদানকারীরা সেবা দিয়ে যাচ্ছেন বলে আলোচনা সভায় অবহিত করেন। প্রধান অতিথি জনাব ডাঃ মোঃ ছাবের হোসেন, সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা। তিনি তার বক্তব্যে বলেন গ্রাম পর্যায়ে নিরাপদ মাতৃত্ব সম্পর্কে সচেতনতা বাড়াতে হবে এবং তারা যাতে হাসপাতালে এসে ভালো সেবাটা পায়। সেদিকে লক্ষ্য রেখে কাজ করার আহবান জানান। এতে করে মা এবং বাচ্চার উভয়ই সুস্থতার জন্য গুনগতমান সেবার নিমিত্তে যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয় সেটাই নিরাপদ মাতৃত্ব। এই ব্যবস্থা নেওয়ার প্রধান উদ্দেশ্য হলো মাতৃ মৃত্যুহার কমানো এবং নবজাতকের মৃত্যু ও দীর্ঘ মেয়াদী অসুস্থতা রোধ করা। এই আলোকে সরকারী ও বেসরকারী সংস্থা একসাথে মিলে কাজ করা অত্যন্ত জরুরী।

## মা ও শিশু স্বাস্থ্যসেবা কিশোর-কিশোরী সমাবেশ

গত ২৪ মে ২০২৩ ইং তারিখে আইডিএফ লীন এর সহযোগীতায় কিশোর-কিশোরী সমাবেশ আয়োজন করা হয় লক্ষীছড়ি সূর্যের হাসি ক্লিনিকে । এতে উপস্থিত ছিলেন অনির্বান চাকমা, উপজেলা সমন্বকারী, লীন প্রজেক্ট, জেনিসন চাকমা, ক্লিনিক ইনচার্জ, ক্যামি চাকমা, প্যারামেডিক ও বিনু রানী চৌধুরী, প্যারামেডিক প্রমূখ। এসময় বাল্য-বিবাহ, মা ও শিশু স্বাস্থ্যসেবা, বয়:সন্ধিকাল নিয়ে আলোচনা করা হয় এবং সূর্যের হাসি ক্লিনিকের সেবা কার্যক্রম সম্পর্কে বিস্তারিতভাবে তুলে ধরা হয়।



## আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস- ২০২৩ এ অংশগ্রহণ

গত ৫ মে ২০২৩খ্রিঃ থানচি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস- ২০২৩ র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। "তথ্য থেকে বাস্তবে, সকল মিডওয়াইফ একসাথে" প্রতিপাদ্যকে সামনে রেখে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা স্বাস্থ্য ও পবিরার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডাঃ ওয়াহিদুজ্জামান মুরাদ সভায় আরো উপস্থিত ছিলেন ডাঃ ফকরুন্নেসা বেগম, ডিস্ট্রিক এসআরএইচআর অফিসার ইউএনএফপিএ, সিভিল সার্জন অফিস, বান্দরবান ও থানচি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর মেডিকেল অফিসার ডাঃ মেহেনাস তুলি, থানচি গ্রীনহিল সূর্যের হাসি ক্লিনিকের ম্যানেজারসহ অত্র হাসপাতালে সকল মিডওয়াইফ, নার্স, বিভিন্ন পর্যায়ে কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভায় প্রাতিষ্ঠানিক ডেলিভারি বাড়ানো, প্রসব পূর্ববর্তী কমপক্ষে ৪ বার চেক আপ নিশ্চিত করা ও মানসম্মত প্রসব পূর্ববর্তী এবং নরমাল ডেলিভারী সেবা প্রদান ও প্রাতিষ্ঠানিক প্রসব সেবার মাধ্যমে মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার রোধ করা এবং কিশোর-কিশোরীদের স্বাস্থ্য সেবা ও পুষ্টি বিষয়ক কাউন্সিলিং নিয়ে আলোচনা করা হয়।




## উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক ক্লিনিক পরিদর্শন

গত ১৫ মে ২০২৩ খ্রিঃ তারিখে রোয়াংছড়ি উপজেলা গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব শান্তিজয় তঞ্চঙ্গ্যা ও মেডিক্যাল অফিসার ডাঃ তানভির ইসলাম। ক্লিনিক পরিদর্শনকালে তিনি মন্তব্য করেন ''ক্লিনিকের সার্বিক ব্যবস্থাপনা সন্তোষজনক ও অবকাঠামো পরিস্কার পরিছন্ন" একই সাথে প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধির পরামর্শ দিয়েছেন।




## উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক ক্লিনিক পরিদর্শন

গত ৯ মে ২০২৩ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় বান্দরবান জেলার রুমা উপজেলায় গ্রীন হিল পরিচালিত



সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগে নবযোগদানকৃত মেডিকেল অফিসার ডাঃ গৌতম সূত্রধর এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পক্ষে মিঃ ত্রিদীপ চাকমা, উপজেলা স্টোর কাম গুদাম হতে মিঃ সানুচিং মারমা ও উটিং মারমা সহ একটি দল রুমা সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন। ক্লিনিকের অভ্যন্তরিন ও আশেপাশের পরিবেশ পরিষ্কার-পরিছন্নতা ও কার্যক্রম অগ্রগতি ভালো বলে সন্তোষ প্রকাশ করেন পরিবার পরিকল্পনা কার্যালয়ের মেডিকেল অফিসার। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবার পরিকল্পনা কার্যক্রমে সার্বক্ষনিক সার্বিক সহযোগিতা করায় পরিদর্শন দলের সদস্যরা গ্রীন হিল রুমা সূর্যের হাসি ক্লিনিকের সকল ষ্টাফ এবং কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

## ম্যালেরিয়া বিষয়ক ওরিয়েন্টেশন সভায় অংশগ্রহণ



গত ২০ জুন ২০২৩ খ্রিঃ বান্দরবান মাস্টার গেস্ট হাউজ হল রুমে ম্যালেরিয়া বিষয়ে সচেতনা বৃদ্ধি ও সঠিক সময়ে ম্যালেরিয়া রোগী রেফার বিষয়ে বেসরকারী ক্লিনিক/ হাসপাতাল বা ক্লিনিক ম্যানেজারদের নিয়ে ওরিয়েনটেশন এর আয়োজন করা হয়। এতে গ্রীনহিল সূর্যের হাসি ক্লিনিকের রোয়াংছড়ি, রুমা, থানচি ও আলীকদম উপজেলার ক্লিনিক ম্যানেজারবৃন্দ সভায় অংশগ্রহণ করেন। সভায় সভাপতিত্ব করেন, জেলার ব্র্যাক ব্যাবস্থাপক জনাব মোঃ সরওয়ার হোসেন, বান্দরবান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ডাঃ নয়ন সালাউদ্দিন, ডেপুটি সিভিল সার্জন, বান্দরবান। এতে বান্দরবান জেলার বিভিন্ন প্রাইভেট হাসপাতাল, ক্লিনিক এবং বিভিন্ন ডায়াগনষ্টিক সেন্টারের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। আলোচনা সভায় ম্যালেরিয়া কি? মারাত্বক ম্যালেরিয়ার লক্ষণ কি? লক্ষ্য এবং উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করা হয়।

## বিশ্ব ম্যালেরিয়া দিবস ২০২৩ উদযাপন

'বিনিয়োগ উদ্ভাবন ও বাস্তবায়নে ম্যালেরিয়া নির্মূল” এখনই সময় এই প্রতিপাদ্য বিষয় নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় লক্ষীছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। গত ১৫ জুন ২০২৩



খ্রিঃ বিশ্ব ম্যালেরিয়া দিবস উপলক্ষে লক্ষীছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ব্র্যাক- এর যৌথ আয়োজনে আলোচনা সভাটি আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আতাউর রহমান, ব্র্যাক ম্যানেজার ইভানী চাকমা, ক্লিনিক ম্যানেজার জেনিসন চাকমা, লক্ষীছড়ি সূর্যের হাসি ক্লিনিক, লক্ষীছড়ি। উক্ত আলোচনা সভায় সঞ্চালনা করেন সজীব চাকমা, ব্র্যাক-ল্যাব টেকনোলজিস্ট। এ সময় বক্তারা ম্যালেরিয়া নির্মূলীকরণের উপর বেশী জোর দেন এবং লক্ষীছড়ি উপজেলায় ম্যালেরিয়া রোগীর অবস্থা সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন। সেজন্য এলাকার সর্বস্তরের জনগণকে ম্যালেরিয়া বিষয়ে সচেতনতা বাড়ানোর জন্য পরামর্শ দেওয়া হয়।

## থানচি সূর্যের হাসি ক্লিনিক কর্তৃক ম্যালেরিয়া নিমূল কর্মসূচীতে অংশগ্রহণ

গত ১৪ জুন ২০২৩ তারিখে থানচি উপজেলা স্বাস্থ্য কমপ্রেক্স হল রুমে ‘‘ম্যালেরিয়া নির্মূল” কর্মসূচীর সাথে উপজেলা পর্যায়ে সম্পৃক্ততা বাড়ানোর জন্য ব্র্যাক এনজিও কর্তৃক এ্যাডভোকেসি সভা আয়োজন করা হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ডাঃ মোঃ ওয়াহিদুজ্জামান মুরাদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, থানচি উপজেলা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন থানচি উপজেলার নিবার্হী কর্মকর্তা জনাব আবুল মনসুর এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার জনাব নিজাম উদ্দিন আহমেদ ও মেডিকেল অফিসার ডাঃ নুমানসহ ইউপি চেয়ারম্যান, মেম্বার, হেডম্যান-কার্বারী, সাংবাদিক ও বেসরকারী উন্নয়ন সংস্থার প্রতিনিধিবৃন্দ। কর্মসূচীতে পাড়ায় ম্যালেরিয়া রোগী সনাক্ত, প্রতিরোধের উপায় ও চিকিৎসা ব্যবস্থা সর্ম্পকে ধারণা বা কাউন্সিলিং করা এবং স্বাস্থ্য সচেতনতা




বিষয়ক জ্ঞান ও স্বাস্থ্য শিক্ষা এবং স্বাস্থ্য জনসচেনতামূলক কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।

## সম্প্রসারিত টীকাদান কর্মসূচী (EPI) কার্যক্রমে সহযোগিতা প্রদান

২৬ এপ্রিল ২০২৩ খ্রিঃ পানছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং গ্রীন হিল পানছড়ি সূর্যের হাসি ক্লিনিক এর উদ্যোগে পানছড়ি সূর্যের হাসি ক্লিনিকে 'টিকাদান কর্মসূচী (ইপিআই)' কার্যক্রম আয়োজন করা হয়। এ কার্যক্রমে সূর্যের হাসি ক্লিনিকের কর্মীরা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের চলমান সম্প্রসারিত টীকাদান কর্মসূচীতে সার্বিক সহযোগিতা প্রদান করেন। টিকাদান কর্মসূচীর আওতায় মোট নীল ও লাল মিলে ৪৫ জনকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে। তার মধ্যে নীল (৬-১১ মাস বয়স) ৬ জন ছেলে ও ৯ জন মেয়ে এবং লাল (১২-৫৯ মাস বয়স) ২২ জন মেয়ে শিশু এবং ৮ জন ছেলে শিশুকে টিকা প্রদান করা হয়েছে। উক্ত টিকাদান কর্মসূচীতে উপস্থিত ছিলেন পানছড়ি উপজেলা হেল্থ কমপ্লেক্সের স্বাস্থ্য সহকারী জনাব জাকির হোসেন ও জনাব পূর্ণধন চাকমা। পানছড়ি ক্লিনিকে টিকাদান কর্মসূচীতে সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পক্ষ থেকে গ্রীন হিল সংস্থাকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।



## জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন -২০২৩ উপলক্ষ্যে উপজেলা পর্যায়ে অবহিতকরণ ও পরিকল্পনা সভা

গত ১৩ জুন ২০২৩ খ্রিঃ খাগড়াছড়ি জেলার মানিকছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সম্মেলন কক্ষে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন -২০২৩ কার্যক্রম নিয়ে অবহিতকরণ ও পরিকল্পনা সভার আয়োজন করা হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিন উদ্দিন, সম্মানীত সদস্য, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব শফিকুর রহমান, উপজেলা চেয়ারম্যান, মানিকছড়ি সদর উপজেলা। সভার কার্যক্রম পরিচালনা করেন ডাঃ রতন খীসা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। গ্রীন হিল পরিচালিত মানিকছড়ি সূর্যের হাসি ক্লিনিকের পক্ষ থেকে সভায় অংশগ্রহণ করেন সানুঅং মারমা, ক্লিনিক ইনচার্জ, মানিকছড়ি সূর্যের হাসি ক্লিনিক, মানিকছড়ি। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন হাসপাতালের ডাক্তার, নার্স, ল্যাব টেকনোলজিস্ট, সিএইচসিপি ও স্বাস্থ্য সহকারীগন।



## রোয়াংছড়ি সূর্যের হাসি ক্লিনিক কর্তৃক ম্যালেরিয়া নিমূল কর্মসূচীতে অংশগ্রহণ

গত ১৯জুন ২০২৩ খ্রিঃ রোয়াংছড়ি উপজেলা ব্র্যাক ম্যালেরিয়া নির্মূল কর্মসূচির উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মংহ্লা প্রু মারমা এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ খোরশেদ আলম চৌধুরী। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে ছিলেন - উপজেলা চেয়ারম্যান জনাব চহাই মং মারমা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব শান্তিজয় তঞ্চঙ্গ্যা ও অন্যান্য সরকারী ও বেসরকারী সংস্থার প্রতিনিধিবৃন্দ।



## রুমা সূর্যের হাসি ক্লিনিক কর্তৃক সরকারী 'ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন এ সহযোগিতা প্রদান

গত ১৮জুন ২০২৩ খ্রিঃ রোজ রবিবার স্বাস্থ্য বিভাগের উদ্যোগে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনে রুমা সূর্যের হাসি ক্লিনিকের একটি দল সার্বিক সহযোগিতা করেন।



**ভিটামিন 'এ' খাওয়ান, শিশুমৃত্যুর ঝুঁকি কমান** এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে ক্যাম্পেইনটি উদযাপন করা হয়। রুমা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গ্রীন হিল পরিচালিত-রুমা সূর্যের হাসি ক্লিনিককে ২টি (দুইটি) এলাকায় ক্যাম্পেইন এর দায়িত্ব দেওয়া হয়। ক্যাম্পেইন-১. রুমা বাজার আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয়, ক্যাম্পেইন-২. সূর্যের হাসি ক্লিনিক (গ্রীন হিল)। জাতীয় ভিটমিন 'এ' প্লাস ক্যাম্পেইন উদ্বোধন করেন-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর কর্মকর্তা ডাঃ বামং প্রু মারমা। ক্যাম্পেইন-১. লাল ক্যাপসুল ৫৬টি ও নীল ক্যাপসুল ১২টি এবং ক্যাম্পেইন-২. লাল ক্যাপসুল ১৩টি ও নীল ক্যাপসুল ৩টি। উক্ত দুটি কেন্দ্রে মোট ৮৪ জন শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে।

## বিশ্ব তামাক দিবস-২০২৩ উপলক্ষে আলোচনা সভায় অংশগ্রহণ

৩১ মে ২০২৩ ইং তারিখ জেলা প্রশাসন, রাঙ্গামাটি জেলার উদ্যোগে রাঙ্গামাটি জেলা প্রশাসকের হল রুমে বিশ্ব তামাকমুক্ত দিবস ২০২৩ এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে এইউএইচসি প্রকল্পের তথা গ্রীনহিলের প্রতিনিধি হিসেবে অংশগ্রহন করেন মিঃ সাইলু মং মারমা।

## গ্রীন হিল রোয়াংছড়ি সূর্যের হাসি ক্লিনিক কর্তৃক দূর্গম এলাকায় স্যাটেলাইট এর মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান

রোয়াংছড়ি সূর্যের হাসি ক্লিনিক কর্তৃক এপ্রিল হতে জুন'২০২৩ সময়কালে উপজেলার দূর্গম এলাকায় মোট ১৬টি স্যাটেলাইট ক্লিনিক আয়োজন করা হয়। উক্ত ১৬টি স্যাটেলাইট ক্লিনিক এর মাধ্যমে মোট ১৪২ জন গর্ভবতী মা, প্রসূতি, শিশু ও কিশোরী, বয়স্ক রোগী এবং সাধারণ রোগীকে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।

## স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদান

১৪ মে ২০২৩ খ্রিঃ বড়ইতলী গ্রামের মানিকছড়ি সূর্যের হাসি ক্লিনিকের একটি টিম স্যাটেলাইট ক্লিনিক আয়োজন করে।




স্যাটেলাইট কার্যক্রম পরিচালনা করেন মিজ. হৈমন্তী দেওয়ান, প্যারামেডিক, সহযোগিতায় ছিলেন চিং উসাং মারমা, ক্লিনিক এইড এবং নিংপ্রুচাই মারমা, ক্লিনিকের নাইট গার্ড। উক্ত স্যাটেলাইট ক্লিনিকে ৭ জন গর্ভবতী মহিলা ও ১১ জন সাধারণ রোগীসহ মোট ১৮জন রোগীকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। প্রাথমিক চিকিৎসা সেবার পাশাপাশি ক্লিনিকের সেবা কার্যক্রমসমূহ যেমন- প্রাতিষ্ঠানিক ডেলিভারি, ব্লাড গ্রুপিং, পরিবার পরিকল্পনা, ইপিআই এবং সাধারণ রোগের সেবা সম্পর্কে কাউন্সিলিং করে রোগীদেরকে স্ট্যাটিক ক্লিনিক হতে সেবা গ্রহণ করার জন্য পরামর্শ দেওয়া হয়।

## রামগড় সূর্যের হাসি ক্লিনিক কর্তৃক কমিউনিটি স্যাটেলাইট মিটিং

গত ১৪জুন ২০২৩ খ্রিঃ বৈরাগী টিলা পাড়া কেন্দ্রে সিনিয়র পাড়া কর্মীর উপস্থিতিতে সকল পাড়া কেন্দ্রের পাড়া কর্মীসহ মাসিক ক্লাস্টার সভায় রামগড় সূর্যের হাসি ক্লিনিকের পক্ষ হতে কমিউনিটি স্যাটেলাইট মিটিং করা হয়। মাতৃ স্বাস্থ্য সেবার মান উন্নয়ন ও মানসম্মত স্বাভাবিক ডেলীভারী বাড়ানোর লক্ষ্যে কমিউনিটি সাপোর্ট গ্রুপ গঠন করা হয়।



## GO-NGO Collaboration Workshop-এ অংশগ্রহণ

গত ২০ জুন ২০২৩ খ্রিঃ পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন পরিকল্পনা ইউনিটের প্ল্যানিং মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন (পিএমই)



আওতায় ২০২২-২৩ অর্থ বছরে চট্টগ্রাম বিভাগের কর্মকর্তা এবং এনজিও প্রতিনিধিদের সমন্বয়ে GO-NGO Collaboration বিষয়ক ১ (এক) দিনের কর্মশালা আয়োজন করেন। উক্ত কর্মশালায় গ্রীন হিলের পক্ষে এইউএইচসি প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব সাইলু মং মারমা অংশগ্রহণ করেন। উক্ত কর্মশালাটি শুভ উদ্বোধন করেন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক জনাবা সাহান আরা বানু, এনডিসি। সভাপতিত্ব করেন জনাব ডাঃ গোলাম মোহাম্মদ আজম, বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, চট্টগ্রাম। এছাড়াও আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিভাগের সকল জেলার পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক, সহকারী পরিচালক ও এনজিও কর্মকর্তাবৃন্দ।

USAID FROM THE AMERICAN PEOPLE

Green Hill Transforming the Marginalized

সূর্যের হাসি ক্লিনিক